

সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ)

পরিবেশ ও সামাজিক অঙ্গীকার পরিকল্পনা (Environmental and Social Commitment Plan)

১। বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের অধীনে সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন নামক একটি স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের মাধ্যমে রেজিলিয়েন্স, অনট্রাপ্রেনিয়ারশীপ অ্যান্ড লাইভলিহুড ইমপ্রুভমেন্ট (Resilience, Entrepreneurship and Livelihood Improvement) প্রকল্প বাস্তবায়ন করবে। বিশ্ব ব্যাংক এই প্রকল্পের জন্য আর্থিক সহায়তা প্রদান করবে।

২। বাংলাদেশ সরকার প্রয়োজনীয় ব্যবস্থা এবং পদক্ষেপ গ্রহণ করবে যেন প্রকল্পটি পরিবেশ ও সামাজিক মানদণ্ড (Environmental and Social Standards) অনুসারে হয়ে থাকে। এই পরিবেশ ও সামাজিক অঙ্গীকার পরিকল্পনাবস্তুগত ব্যবস্থা এবং পদক্ষেপ, কোনো সুনির্দিষ্ট দলিল কিংবা পরিকল্পনা এবং সেগুলোর সময়কাল কি হবে তা নির্ধারিত হয়।

৩। বাংলাদেশ সরকার পরিবেশ ও সামাজিক অঙ্গীকার পরিকল্পনা এবং পরিবেশ ও সামাজিক কাঠামোর অধীনে যে কোনো দলিলে উল্লেখিত নির্ধারিত সময় এবং অন্য সকল নিয়মনীতি মেনে চলবে, যেমন-পরিবেশ ও সামাজিক ব্যবস্থাপনা কাঠামো, পরিবেশ ও সামাজিক ফলাফল মূল্যায়ন, পরিবেশ ও সামাজিক ব্যবস্থাপনা পরিকল্পনা, অংশীদার অংশগ্রহণের পরিকল্পনা, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং বিপদগ্রস্ত জনগোষ্ঠীর উন্নয়ন কাঠামো, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং বিপদগ্রস্ত জনগোষ্ঠীর উন্নয়ন পরিকল্পনা, শ্রমিক ব্যবস্থাপনা প্রবিধান, লৈঙ্গিক সমতায় পদক্ষেপ এবং লিঙ্গভিত্তিক সহিংসতা প্রতিরোধে ব্যবস্থাপনা/ গৃহীত পদক্ষেপ এবং সময়কাল যা উক্ত দলিলসমূহে উল্লেখ করা হয়েছে।

৪। বাংলাদেশ সরকার পরিবেশ ও সামাজিক অঙ্গীকার পরিকল্পনা-এর সকল শর্তাবলী যথাযথভাবে মানা হচ্ছে কিনা তা খতিয়ে দেখবে, এমনকি উপরের ১ নম্বর অনুচ্ছেদে উল্লেখিত বিশেষকোনো বিশেষ ব্যবস্থা এবং পদক্ষেপ সংশ্লিষ্ট করতৃপক্ষ গ্রহণ করলেও।

৫। পরিবেশ ও সামাজিক অঙ্গীকার পরিকল্পনা নির্ধারিত কোনো ব্যবস্থা এবং পদক্ষেপ বাস্তবায়ন করার সময় বাংলাদেশ সরকার পরিবেশ ও সামাজিক অঙ্গীকার পরিকল্পনার আইনি চুক্তির শর্ত মোতাবেক সরকার (সংশ্লিষ্ট কর্তৃপক্ষের মাধ্যমে) তা নিরীক্ষা করবে এবং বিশ্ব ব্যাংক এর কাছে তার প্রতিবেদন আকারে প্রকাশ করবে, এবং বিশ্ব ব্যাংক প্রকল্পের বাস্তবায়নের সময়কার ব্যবস্থা এবং পদক্ষেপ পর্যালোচনা এবং মূল্যায়ন করবে।

৬। প্রকল্প ব্যবস্থাপনায় সমন্বয়ের সুযোগ রাখা, কিংবা ভবিষ্যত কোন অনভিপ্রেত ঘটনা ঘটা কিংবা পরিবেশ ও সামাজিক অঙ্গীকার পরিকল্পনা-এর অধীনেই প্রকল্পের অগ্রগতি পর্যালোচনার পরিপ্রেক্ষিতে সরকার এবং বিশ্ব ব্যাংকের যৌথ সম্মতিতে প্রকল্প বাস্তবায়নের সময় প্রয়োজনে এই ইএসসিপিটি সংশোধন করা যেতে পারে। এ ক্ষেত্রে, সরকার বিশ্ব ব্যাংকের সম্মতিতে পরিবেশ ও সামাজিক অঙ্গীকার পরিকল্পনা সংশোধন করবে। সংশোধিত পরিবেশ ও সামাজিক অঙ্গীকার পরিকল্পনা-এর চুক্তিসমূহ সরকার এবং বিশ্ব ব্যাংকের মাঝে স্বাক্ষরিত চিঠির মাধ্যমে নথিভুক্ত করা হবে। সরকার পরিবেশ ও সামাজিক অঙ্গীকার পরিকল্পনা-এর হালনাগাদ সংস্করণ নিয়মিত প্রকাশ করবে।

৭। প্রকল্প পরিবর্তন, অনভিপ্রেত ঘটনা, কিংবা প্রকল্প বাস্তবায়নের সময় প্রকল্পের ঝুঁকি কিংবা ফলাফলের কোনো পরিবর্তন হলে, সেই ঝুঁকি কিংবা ফলাফল যেমন পরিবেশগত, সামাজিক, স্বাস্থ্য ও নিরাপত্তা, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং বিপদগ্রস্ত জনগোষ্ঠী, এবং লিঙ্গভিত্তিক সহিংসতা ইত্যাদির পরিপ্রেক্ষিতে সরকার প্রয়োজনীয় ব্যবস্থা এবং পদক্ষেপের জন্য অতিরিক্ত তহবিল প্রদান করবে।